

কুবি প্রেস ক্লাবের ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

কুবি প্রতিনিধি

৫ এপ্রিল ২০২৩ ০২:১৫ পিএম |

আপডেট: ৫ এপ্রিল ২০২৩ ০২:১৫

পিএম

10
Shares



কুবি প্রেস ক্লাবের ইফতার ও দোয়া মাহফিল। ছবি: আমাদের সময়

advertisement

অর্ধযুগে পদার্পণ করেছে কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রেস ক্লাব। এ উপলক্ষে মঙ্গলবার প্রশাসনিক ভবনে ২০ জন এতিম শিশুসহ দেড় শতাধিক মানুষের অংশগ্রহণে ইফতার মাহফিলের আয়োজন করে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) সাংবাদিকদের এই সংগঠন।

প্রেস ক্লাবের সভাপতি সাজ্জাদ বাসারের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক সাফায়িত মুমিন সরকার সিফাতের সঞ্চালনায় ইফতারের পূর্বে এক সংক্ষিপ্ত আলোচনা সভা হয়। এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. এ এফ এম আবদুল মউল। শুভ কামনা জানিয়ে তিনি বলেন, ‘কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রেস ক্লাবকে ধন্যবাদ এতো সুন্দর একটা আয়োজন করার জন্য। আমি এখানে উপাচার্য হিসেবে যোগদানের পর থেকে দেখে আসছি কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রেস ক্লাব সত্য এবং বস্ত্রনিষ্ঠ সংবাদ করছে। তাদের এই ধারা অব্যাহত থাকুক। আর কুমিল্লা বিশ্ববিদ্যালয়কে সারা দেশে ইতিবাচকভাবে উপস্থাপন করুক সে প্রত্যাশা রাখছি।’

advertisement

ইফতার মাহফিলে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ হুমায়ুন কবির, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আসাদুজ্জামান, প্রষ্টর কাজী ওমর সিদ্দিকী, ছাত্র পরামর্শক ও নির্দেশনা দণ্ডরের পরিচালক মো. হাবিবুর রহমান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন এন এম রবিউল আউয়াল চৌধুরী, পরিবহন প্রশাসক অধ্যাপক স্বপন চন্দ্র মজুমদার, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. কামরুন নাহার শিলা, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান কাজী এম আনিচুল ইসলাম, আইন বিভাগের সহকারী অধ্যাপক মু. আবু বকর সিদ্দিক সোহেল ও মু. আলী মুর্শেদ কাজেম, সহকারী প্রষ্টর অমিত দত্ত প্রমুখ।

আরও উপস্থিত ছিলেন কুমিল্লা জেলা সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক শাহজাদা এমরান, দণ্ডর সম্পাদক সৈয়দ আহমদ লাবলু, সাংগঠনিক সম্পাদক আব্দুর রহমান, কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রেস ক্লাবের প্রতিষ্ঠাকালীন সদস্য সচিব নাহিদ ইকবাল, সাবেক সাধারণ সম্পাদক শাহরিয়ার খান নোবেল, বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মী, কর্মকর্তা পরিষদ, কর্মচারী পরিষদ ও কর্মচারী সমিতি, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠনের প্রতিনিধি ও কুবি প্রেস ক্লাবের সদস্যরা।

advertisement

ইফতার মাহফিলে দোয়া পরিচালনা করেন কেন্দ্রীয় মসজিদের পেশ ইমাম মাওলানা মো. খলিলুর রহমান।